

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিষদ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

নং-২৯.০০.০০০০.২১৪.২৪.২১৭.২০১৭/৯৮


তারিখ: ২৮/০৫/২০১৭ খ্রি:

বিষয় : পার্বত্য জেলা পরিষদের বিদেশ শিক্ষা সফর সংক্রান্ত নীতিমালা ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সংস্থা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক শিক্ষা সফরের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাবের সাথে নিম্নলিখিত বিষয়াদি/তথ্যাদি সন্নিবেশিত থাকা আবশ্যিক:

- (ক) যাতায়াতের সময় বাদে সফরের মেয়াদ কোনভাবে ৬(ছয়) দিনের অধিক হবে না;
- (খ) ভ্রমণ শেষে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে মন্ত্রণালয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে;
- (গ) ভ্রমণের প্রস্তাবের সাথে বিস্তারিত সফরসূচী দাখিল এবং সফরের যৌক্তিকতা উল্লেখ করতে হবে;
- (ঘ) ভ্রমণ সূচীতে সরকারী/স্থানীয় সরকার প্রতিষ্ঠান/অফিস পরিদর্শন এবং মতবিনিময় কর্মসূচী অন্তর্ভুক্ত করতে হবে।
- (ঙ) জেলা পরিষদের কোন কাউন্সিলর/সদস্য বা কর্মকর্তা ০১(এক) অর্থ বছরের মধ্যে বিশেষ প্রয়োজন ছাড়া ০২(দুই) বার শিক্ষা সফর/Exposure Visit এ যেতে পারবেন না।
- (চ) ভ্রমণের পর ০৩(তিন)বছর অতিবাহিত না হলে পুনরায় একই দেশে ভ্রমণের জন্য মনোনয়ন প্রদান করা যাবে না।

২। এমতাবস্থায় পার্বত্য জেলা পরিষদসমূহ কর্তৃক আয়োজিত শিক্ষা সফর/ Exposure Visit সংক্রান্ত কর্মসূচী প্রণয়নকালে উপরোক্ত বিষয়াদি/তথ্যাদি যথাযথভাবে প্রতিপালন পূর্বক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মিনারা নাজমীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫০০৮।

Email: a.mochta@yahoo.com

বিতরণ:

- ১। চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

অনুলিপি:

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।